দূরবীক্ষণ যন্ত্র	হারসেল
নভো দূরবীক্ষণ যন্ত্র	জ্যোতির্বিদ কেপলার
এক্সরে বা রনজেন রশ্মি আবিষ্কার	অধ্যাপক উইল হেলম রনজেন
ধনরশ্মি আবিষ্কার করেন	গোস্টস্টাইন
আলোর কোয়ান্টাম তত্ত্ব বা তেজকণাবাদ আবিষ্কার করেন।	প্লাঙ্ক
আলোক তড়িৎ ক্রিয়া আবিষ্কার করেন	ডব্লিউ শিখ
তেজক্রিয়তা	বেকরেল
আপেক্ষিকতার বিশেষ তত্ত্ব প্রবর্তন করেন	আলবার্ট আইনস্টাইন

আবিষ্কার/প্রবর্তন	আবিষ্কারক/প্রবর্তক
বেতার কম্পাঙ্ক জানালা	K. Jansky
লরেঞ্জ রূপান্তর সমীকরণ প্রতিপাদন করেন	এইচ. এ. লরেঞ্জ
মহাকর্ষ ও অভিকর্ষ বল, গ্রহ সমূহের আবর্তনের কারণ, পড়ন্ত বস্তুর সূত্র সমূহের প্রমাণ	নিউটন
গ্রহ সমূহ ঘূর্ণনের তিনটি সূত্র	কেপলার
মঙ্গল গ্রহের গতি বিধি লক্ষ্য করে গ্রহ নক্ষত্র সম্পর্কে তথ্য সংগ্রহ করে	টাইকো ব্রাহে
G এর মানের উপর তাপমাত্রার প্রভাব নেই, এটি প্রমাণ করেন	পয়েন্টিং ও ফিলিপস
G এর মান নির্ণয় করেন	ক্যাভেন্ডিস

গুরুত্বপূর্ণ তথ্যাবলি

- মৌলিক বল চারটি:
 1. মহাকর্ষ বল, 2. তড়িৎ চৌম্বক বল, 3. দুর্বল নিউক্লীয় বল, 4. সবল নিউক্লীয় বল
- মহাকর্ষ বল → সবচেয়ে দুর্বল বল- 1
- তড়িৎ চৌম্বক বল- 10^{39}
- দুর্বল নিউক্লীয় বল- 10^{30}
- সবল নিউক্লীয় বল → সর্বশক্তিমান শক্তিশালী বল - 10^{41}
- অর্থাৎ এদের ক্রমিক অনুপাত : $1 : 10^{39} : 10^{30} : 10^{41}$
- কাজের বিভিন্ন এককের মধ্যে সম্পর্ক:

Ft Poundal and erg এর মধ্যে সম্পর্ক
 $1 \text{ Ft poundal} = 1 \text{ poundal} \times 1 \text{ ft} = 13825 \text{ dyne} \times 30.48 \text{ cm}$
 $= 13825 \times 30.48 \times (1 \text{ dyne} \times 1 \text{ cm}) = 4.214 \times 10^5 \times 1 \text{ erg} = 4.214 \times 10^5 \text{ erg}$

Joule and erg এর মধ্যে সম্পর্ক
 $1 \text{ J} = 1 \text{ N} \times 1 \text{ m} = 10^5 \text{ dyne} \times 10^2 \text{ cm}$
 $= 10^5 \times 10^2 \times (1 \text{ dyne} \times 1 \text{ cm}) = 10^7 \times 1 \text{ erg} = 10^7 \text{ erg}$

Ft-Poundal and Joule এর মধ্যে সম্পর্ক
 $1 \text{ ft Poundal} = 4.214 \times 10^5 \text{ erg}$
 $= \frac{4.214 \times 10^5}{10^7} \text{ Joule} = \frac{4.214}{10^2} = 0.04214 \text{ Joule}$
- বিভিন্ন বস্তুর ভারকেন্দ্রের অবস্থান:
 - সুখম দণ্ড : দণ্ডের মধ্য বিন্দু।
 - সুখম বেলনাকৃতির দণ্ড : অক্ষের মধ্যবিন্দু।
 - সুখম ত্রিভুজাকার পাত : মধ্যমাগুলোর ছেদবিন্দু।
 - সুখম সামান্তরিক পাত : কর্ণদ্বয়ের ছেদবিন্দু।
 - সুখম বৃত্ত, আংটি : জ্যামিতিক কেন্দ্র।
 - নমনীয় কঠিন পদার্থের নির্দিষ্ট কোন ভারকেন্দ্র নেই।
 - তরল পদার্থের ভারকেন্দ্র তার আধারের উপর নির্ভর করে না।
- গুরুত্বপূর্ণ ধাতুর ইয়ং, দৃঢ়তা ও আয়তন গুণাঙ্ক:

বস্তু	ইয়ং গুণাঙ্ক	দৃঢ়তা গুণাঙ্ক	আয়তন গুণাঙ্ক
অ্যালুমিনিয়াম	7×10^{10}	2.5×10^{10}	7.5×10^{10}
তামা	12.3×10^{10}	4.2×10^{10}	13.1×10^{10}
লোহা	20×10^{10}	5.1×10^{10}	9.6×10^{10}
ইস্পাত	22×10^{10}	8.9×10^{10}	16×10^{10}
রূপা	1.8×10^{10}	2.8×10^{10}	10.9×10^{10}
- বিভিন্ন স্কেলের নিম্ন ও উর্ধ্ব স্থিরাঙ্ক:

স্কেলের নাম	নিম্ন স্থিরাঙ্ক	উর্ধ্ব স্থিরাঙ্ক
C	0°	100°
F	32°	212°
R	0°	80°
K	273°	373°
Rankin	492°	672°

দুটি ভেক্টর \vec{A} ও \vec{B} এর মাত্রার সমষ্টি $|\vec{A} + \vec{B}|$ এর মান কত?

দুটি ভেক্টর

- ১. দুটি ভেক্টর \vec{A} ও \vec{B} এর মাত্রার সমষ্টি $|\vec{A} + \vec{B}|$ এর মান কত?
- ২. দুটি ভেক্টর \vec{A} ও \vec{B} এর মাত্রার সমষ্টি $|\vec{A} + \vec{B}|$ এর মান কত?
- ৩. দুটি ভেক্টর \vec{A} ও \vec{B} এর মাত্রার সমষ্টি $|\vec{A} + \vec{B}|$ এর মান কত?
- ৪. দুটি ভেক্টর \vec{A} ও \vec{B} এর মাত্রার সমষ্টি $|\vec{A} + \vec{B}|$ এর মান কত?

সুস্থানীয় ভিত্তিতে স্থানীয় আন্দোলন করুন।

সময়	স্থানীয়তা (m)
০	০
১	১
২	৪
৩	৯
৪	১৬
৫	২৫
৬	৩৬
৭	৪৯
৮	৬৪
৯	৮১
১০	১০০

১) পড়মাথুর শক্তি:

ধর	আবস্থা	চাপ	ভর	আবিষ্কার
সরল	১০ ^{১০} m	নির্ভরশীল		
নির্ভরশীল	১০ ^{১০} m	মধ্যস্থ		সরল সাদারফোর্ড (১৯১১)
সরল	১০ ^{১০} m	১০ ^{১০} kg	০.১ × ১০ ^{১০} kg	জে.জে.থমসন, ১৯০৭
নির্ভরশীল	১০ ^{১০} m	১০ ^{১০} kg	১.৬৭১ × ১০ ^{১০} kg	মাক্সটারন, ১৯১৬
নির্ভরশীল	১০ ^{১০} m	নির্ভরশীল	১.৬৭১ × ১০ ^{১০} kg	মাক্সটারন, ১৯১৬

জটিল বিশ্লেষণের উত্তর করার জন্য পড়ে ৪০ sec এর বেশি সময় পাওয়া যায় না। ছাত্র-ছাত্রীরা সাধারণত এই কম সময়ের মধ্যে তাদের অনেক জানা প্রশ্নের উত্তর করার সময় পায় না। তাই তাদের এই সমস্যার কথা মাথায় রেখে "জয়কাল পাবলিকেশন" খুব অল্প সময়ে জটিল জটিল গাণিতিক সমস্যা সমাধান করার অভিনব পদ্ধতি আবিষ্কার করে আসছে। নিম্নে এরপর কিছু Special Technique তুলে ধরা হল।

জয়কাল Special Technique

Sample-01: দুটি ভেক্টর $\vec{A} = 2\hat{i} + 3\hat{j} - 4\hat{k}$ এবং $\vec{B} = x\hat{i} + 6\hat{j} - 8\hat{k}$ দেয়া আছে। x এর যে মানের জন্য ভেক্টরদ্বয় সমান্তরাল হবে তা হল।

Traditional process

A ও B পরস্পর সমান্তরাল হলে মধ্যবর্তী কোণ $\theta = 0^\circ$ হবে অর্থাৎ

$$\vec{A} \times \vec{B} = \hat{n}AB\sin\theta = 0 \text{ হলে, } \vec{A} \times \vec{B} = \begin{vmatrix} \hat{i} & \hat{j} & \hat{k} \\ 2 & 3 & -4 \\ x & 6 & -8 \end{vmatrix} = 0$$

$$\Rightarrow \hat{i}(-24+24) + \hat{j}(-4x+16) + \hat{k}(12-3x) = 0$$

$$\Rightarrow -4x+16 = 0 \Rightarrow x = \frac{16}{4} = 4 \therefore x = 4 \text{ (Ans.)}$$

Joykoly Special!

দুইটি ভেক্টর পরস্পর সমান্তরাল হলে: $\frac{a_x}{b_x} = \frac{a_y}{b_y} = \frac{a_z}{b_z} \Rightarrow \frac{2}{x} = \frac{3}{6}$

$$\Rightarrow x = \frac{12}{3} = 4 \text{ (Ans.)}$$

Sample-02: দুটি ভেক্টর \vec{A} ও \vec{B} এর মাত্রার সমষ্টি $|\vec{A} + \vec{B}|$ এর মান কত? \vec{A} ও \vec{B} এর মাত্রার সমষ্টি $|\vec{A} + \vec{B}|$ এর মান কত?

Traditional process

মাত্রার মান, $R = \sqrt{P^2 + Q^2 + 2PQ\cos\alpha}$
 $\sqrt{(5)^2 + (5)^2 + 2 \times 5 \times 5 \times \cos(120^\circ)} = 5 \text{ একক।}$

শক্তির মাত্র, $\tan\theta = \frac{Q\sin\alpha}{P+Q\cos\alpha} = \frac{5\sin(120^\circ)}{5+5\cos(120^\circ)}$

$\tan\theta = \sqrt{3}$
 $\theta = \tan^{-1}(\sqrt{3}) = 60^\circ \text{ (Ans.)}$

Joykoly Special

$P = Q = R$ হলে, $\alpha = 120^\circ$
 $\theta = 60^\circ$

Sample-03: একটি বস্তু স্থির অবস্থা থেকে সবদূরত্রে চলে ১২^ম সেকেন্ডে ০.৭২ m এবং ১৬^ম সেকেন্ডে ০.৭৭ m দূরত্ব অতিক্রম করে। বস্তুর দূরত্ব কত?

Traditional process

ধরি বস্তুর বেগ = V_0 এবং দূরত্ব = s

আমরা পাই, $S_1 = V_0 + \frac{1}{2}a(2t - 1)$

$\therefore 0.72 = V_0 + \left(\frac{2 \times 12 - 1}{2}\right)a = V_0 + \frac{23}{2}a \dots (1)$

এবং $0.97 = V_0 + \left(\frac{2 \times 16 - 1}{2}\right)a$
 $\Rightarrow V_0 + \frac{31}{2}a \dots (2)$

সমীকরণ (2) হতে সমীকরণ (1) বিয়োগ করে পাওয়া যায়, $0.24 = 4a$
 $\therefore a = \frac{0.24}{4} = 0.06 \text{ m/s}^2 \text{ (Ans.)}$

Joykoly Special

$a = \frac{S_2 - S_1}{t_2 - t_1} = 0.06 \text{ ms}^{-2} \text{ (Ans.)}$

Sample-04: একটি বস্তু স্থির অবস্থা থেকে শুরু করে সমদ্রুতগতিতে ৪^ম সেকেন্ডে S_1

এবং ৬^ম সেকেন্ডে S_2 দূরত্ব অতিক্রম করে। $\frac{S_1}{S_2}$ হল:

Traditional process

৪^ম সেকেন্ডে অতিক্রান্ত দূরত্ব, $S_{1th} = u + \frac{1}{2}a(2t - 1)$

$\Rightarrow S_1 = 0 + \frac{1}{2}a(2 \times 4 - 1) \Rightarrow S_1 = 0 + \left(4a - \frac{1}{2}a\right) \Rightarrow S_1 = \frac{7a}{2}$

৬^ম সেকেন্ডে অতিক্রান্ত দূরত্ব, $S_2 = 0 + \frac{1}{2}a(2 \times 6 - 1)$

$\Rightarrow S_2 = 6a - \frac{1}{2}a \Rightarrow S_2 = \frac{11a}{2}$

$\therefore \frac{S_1}{S_2} = \frac{\frac{7a}{2}}{\frac{11a}{2}} = \frac{7}{11} \text{ (Ans.)}$



Joykoly Special

$$\frac{S_1}{S_2} = \frac{2 \times 4 - 1}{2 \times 6 - 1} = \frac{7}{11}$$

Sample-05: পৃথিবীর ভর ও ব্যাসার্ধ যথাক্রমে চন্দ্রের ভর ও ব্যাসার্ধের 81 গুণ ও 4 গুণ। চন্দ্র পৃষ্ঠে একটি বস্তু পৃথিবী থেকে নিয়ে যাওয়া সেকেন্ড দোলকের দোলনকাল কত?

Traditional process

$$(i) T_c = 2\pi \sqrt{\frac{L}{g_c}} \quad (ii) T_m = 2\pi \sqrt{\frac{L}{g_m}} \quad (iii) \text{ অবশ্য, } g_c = \frac{GM_c}{R_c^2} \text{ এবং } g_m = \frac{GM_m}{R_m^2}$$

$$(ii) \div (i) \frac{T_m}{T_c} = \sqrt{\frac{g_c}{g_m}} \quad (iii) \text{ অবশ্য, } g_c = \frac{GM_c}{R_c^2} \text{ এবং } g_m = \frac{GM_m}{R_m^2}$$

$$(iii) \text{ নং হতে, } \frac{T_m}{T_c} = \sqrt{\frac{M_c R_m^2}{M_m R_c^2}} = \sqrt{\frac{81 M_m \times (R)^2}{M_m \times (4R)^2}} = \sqrt{\frac{81}{16}} = \frac{9}{4} = 2.25$$

$$\therefore T_m = 2.25 \times T_c = 2.25 \times 2 = 4.5 \text{ sec (Ans.)}$$

Joykoly Special

$$\frac{T_m}{T_c} = \frac{\sqrt{\text{ভরের গুণ}}}{\sqrt{\text{ব্যাসার্ধের গুণ}}} \Rightarrow \frac{T_m}{2} = \frac{\sqrt{81}}{4} = \frac{9}{4} \Rightarrow T_m = 4.5 \text{ sec (Ans.)}$$

Sample-06: 10^{-5} m ব্যাসার্ধের একটি পানি বিন্দু 125টি বিন্দুতে বিভক্ত হলে পৃষ্ঠ শক্তি বৃদ্ধি নির্ণয় কর। (পানির পৃষ্ঠ টান = $7.2 \times 10^{-2} \text{ Nm}^{-1}$)

Traditional process

মনে করি, ক্ষুদ্র পানি বিন্দুগুলোর ব্যাসার্ধ r

N সংখ্যক বিন্দুর ক্ষেত্রফল, $A_1 = 4\pi N r^2$

সুতরাং ক্ষেত্রফলের পরিবর্তন, $\Delta A = (A_1 - A_2)$

আমরা জানি, পৃষ্ঠ শক্তি বৃদ্ধি,

$$W = \Delta A \times T = (A_1 - A_2) \times T = (4\pi N r^2 - 4\pi R^2) \times T$$

$$= 4\pi (N r^2 - R^2) \times T \quad (1)$$

আবার, বড় বিন্দুর আয়তন = 125টি ক্ষুদ্র বিন্দুর আয়তন

$$\therefore \frac{4\pi}{3} R^3 = 125 \times \frac{4\pi}{3} r^3 \Rightarrow R^3 = 125 r^3$$

$$r^3 = \frac{R^3}{125} \therefore r = 2 \times 10^{-6}$$

সমীকরণ (1) হতে পাই,

$$W = 4 \times 3.14 [125 \times (2 \times 10^{-6})^2 - (10^{-5})^2] \times 7.2 \times 10^{-2}$$

$$= 3.61 \times 10^{-10} \text{ J (Ans.)}$$

Joykoly Special

$$R = \sqrt[3]{125} r$$

$$W = 4\pi \{nr^2 - R^2\} T = 3.61 \times 10^{-10} \text{ J (Ans.)}$$

Sample-07: স্বাভাবিক চাপে কোন ত্রুদের তদদেশ থেকে পানির উপরিতলে আসার সময় বাতাসের বুদবুদ আয়তনে তিনগুণ হয়, তবে ত্রুদের গভীরতা কত?

Traditional process

$$\text{আমরা জানি, } P_1 V_1 = P_2 V_2$$

[পানির নিচের চাপ = পানির চাপ +

$$\Rightarrow (p + hp) v = p(3v)$$

বায়ুমণ্ডলের চাপ]

$$\Rightarrow p + h \times 1000 \times 9.8 = 3p$$

$$\Rightarrow 9800 h = 2p$$

$$\Rightarrow h = \frac{2 \times 101.325 \times 10^3}{9800} \Rightarrow h = 20.4 \text{ m}$$

Joykoly Special

$$h = 10.2 \times (n - 1) = 10.2 \times (3 - 1) = 20.4 \text{ m}$$

$$\text{অথবা, } h = \frac{(n-1)p}{\rho \times g} = 20.4 \text{ m}$$

$$\text{অথবা, ব্যাস } n \text{ গুণ হলে } h = 10.2(n^3 - 1) \text{ (Ans.)}$$

Sample-08: শ্রেণী এবং সমান্তরাল সমবায়ে যুক্ত দুটি তারের তুল্য যথাক্রমে 25Ω এবং 4Ω । তাদের নিজ নিজ রোধ কত?

Traditional process

$$R_s = 25\Omega; R_p = 4\Omega; R_s = R_1 + R_2; R_p = R_1 \times R_2$$

$$\therefore R_1 + R_2 = 25 \Rightarrow \frac{1}{R_p} = \frac{1}{R_1} + \frac{1}{R_2} = \frac{1}{4}$$

$$\therefore \frac{25}{R_1 R_2} = \frac{1}{4} \Rightarrow R_1 R_2 = 100 \Rightarrow R_1 = \frac{100}{R_2}$$

$$\therefore \frac{100}{R_2} + R_2 = 25 \Rightarrow R_2 = 5\Omega \Rightarrow R_1 = 20\Omega \text{ (Ans.)}$$

Joykoly Special

option test করলেই Ans মিলে যাবে।


$$\text{যেমন: } 20 + 5 = 25 = R_s$$

$$(20^{-1} + 5^{-1})^{-1} = 4 = R_p$$

Sample-09: পরস্পর থেকে 1.20m দূরে অবস্থিত $30 \times 10^{-6} \text{ C}$ এবং $-60 \times 10^{-6} \text{ C}$ এর দুটি আধানের সংযোগ রেখার ঠিক মধ্যস্থলে তড়িৎ প্রাবল্য কত হবে?

Traditional process

ধরা যাক, A বিন্দুতে $30 \times 10^{-6} \text{ C}$ এবং B বিন্দুতে $60 \times 10^{-6} \text{ C}$ আধান স্থাপিত আছে। AB এর মধ্যবিন্দু P লক্ষ্য প্রাবল্য বের করতে হবে। এখানে AB = 1.2 m



$$\therefore \text{প্রত্যেক আধান থেকে P বিন্দুর দূরত্ব, } d = AP = BP = \frac{AB}{2} = 0.6 \text{ m}$$

এখন A বিন্দুর আধানের জন্য P বিন্দুতে প্রাবল্য

$$E_1 = \frac{1}{4\pi \epsilon_0} \times \frac{q_1}{d^2} = 9 \times 10^9 \text{ Nm}^2 \text{ C}^{-2} \times \frac{30 \times 10^{-6} \text{ C}}{(0.6 \text{ m})^2}$$

$$= 7.5 \times 10^5 \text{ NC}^{-1}, \text{ PB বরাবর}$$

$$\text{আবার, B বিন্দুর আধানের জন্য P বিন্দুতে প্রাবল্য, } E_2 = \frac{1}{4\pi \epsilon_0} \times \frac{q_2}{d^2}$$

$$= 9 \times 10^9 \text{ Nm}^2 \text{ C}^{-2} \times \frac{(60 \times 10^{-6} \text{ C})}{(0.6 \text{ m})^2} = 15 \times 10^5 \text{ NC}^{-1}$$

$$= 15 \times 10^5 \text{ NC}^{-1}, \text{ PB বরাবর।}$$

যেহেতু E_1 এবং E_2 একই দিকে ক্রিয়া করে,

অতএব লক্ষ্য প্রাবল্য

$$E = E_1 + E_2 = 22.5 \times 10^5 \text{ NC}^{-1}, \text{ PB বরাবর। (Ans.)}$$

Joykoly Special

চার্জদ্বয় বিপরীতধর্মী হলে, $q = q_1 + q_2$

$$E = \frac{1}{4\pi \epsilon_0} \times \frac{q_1 + q_2}{d^2} = (9 \times 10^9) \times \frac{(30 \times 10^{-6}) + (-60 \times 10^{-6})}{\left(\frac{1.20 \text{ m}}{2}\right)^2} \text{ (Ans.)}$$

Sample-10: q ও $4q$ আধান দ্বারা $1m$ দূরত্বে রাখা আছে। সংযোগ রেখায় q আধান থেকে কত দূরে ডিফিৎ প্রাবল্য শূন্য হবে?

Traditional process

মনে করি, q আধান হতে x মি দূরে প্রাবল্য শূন্য হবে।

তাহলে x বিন্দুতে $E_1 = \frac{1}{4\pi\epsilon_0} \frac{q}{x^2}$ এবং $E_2 = \frac{1}{4\pi\epsilon_0} \frac{4q}{(1-x)^2}$

প্রশ্ন হতে $E_1 - E_2 = 0 \Rightarrow E_1 = E_2 \Rightarrow \frac{1}{4\pi\epsilon_0} \frac{q}{x^2} = \frac{1}{4\pi\epsilon_0} \frac{4q}{(1-x)^2}$

$\Rightarrow \frac{4q}{x^2} = (1-x)^2 \therefore x = \frac{1}{3}m$ (Ans.)

Joykoly Special

$\frac{4q}{x^2} = (1-x)^2 \Rightarrow x = \frac{1}{3}m$ (Ans.)

Sample-11: একটি লেন্সের ফোকাস দূরত্ব $25cm$ এবং এর উপাদানের প্রতিসরন $\frac{3}{2}$ । একে $\frac{4}{3}$ প্রতিসরনাকার তলে ডুবালে এর ফোকাস দূরত্ব কত হবে?

Traditional process

$\frac{1}{f_a} = (\mu_a - 1) \left(\frac{1}{r_1} - \frac{1}{r_2} \right)$

$\Rightarrow \frac{1}{f_a} = \left(\frac{3}{2} - 1 \right) \left(\frac{1}{r_1} - \frac{1}{r_2} \right) \Rightarrow \frac{1}{f_a} = \frac{1}{2} \left(\frac{1}{r_1} - \frac{1}{r_2} \right)$

আবার, $\frac{1}{f_w} = \left(\frac{\mu_w}{\mu_a} - 1 \right) \left(\frac{1}{r_1} - \frac{1}{r_2} \right) \Rightarrow \frac{1}{f_w} = \left(\frac{3/2}{4/3} - 1 \right) \left(\frac{1}{r_1} - \frac{1}{r_2} \right)$

$\Rightarrow \frac{1}{f_w} = \frac{1}{8} \left(\frac{1}{r_1} - \frac{1}{r_2} \right) \therefore \frac{f_w}{f_a} = \frac{8}{2} = 4$

$\Rightarrow f_w = 4f_a = 4 \times 25 cm = 100 cm$ (Ans.)

Joykoly Special

$f_2 = \frac{(\mu_1 - 1)\mu_2}{(\mu_1 - \mu_2)} f_1 = \frac{\left(\frac{3}{2} - 1\right)\left(\frac{4}{3}\right)}{\left(\frac{3}{2} - \frac{4}{3}\right)} \times 25 = 100cm$ (Ans.)

Sample-12: একটি উত্তল লেন্সের ফোকাস দূরত্ব $15 cm$ । বস্তুর দূরত্ব কত হলে তিন গুণ আকারের অবাস্তব প্রতিবিম্ব পাওয়া যাবে?

Traditional process

$m = -\frac{v}{u} \Rightarrow 3 = -\frac{v}{u} \Rightarrow v = -3u$

আবার, $\frac{1}{u} + \frac{1}{v} = \frac{1}{f} \Rightarrow \frac{1}{u} - \frac{1}{3u} = \frac{1}{f} \Rightarrow \frac{2}{3u} = \frac{1}{f} = \frac{1}{15} \Rightarrow u = 10 cm$

Joykoly Special

$u = \left(\frac{m-1}{m} \right) f = \left(\frac{3-1}{3} \right) \times 15 = 10 cm$ (Ans.)

Sample-13: কোন ভক্তার $9cm$ ভেদ করার পর গুলির বেগ অর্ধেক হলে, গুলি আর কতদূর গিয়ে থাকবে?

Traditional process

মনে করি, গুলির আদিবেগ = u

$9 cm$ ভেদ করার পর বেগ = $\frac{u}{2}$

মন্দন a হলে,

$\left(\frac{u}{2}\right)^2 = u^2 - 2a \times 9 \Rightarrow 18a = u^2 - \frac{u^2}{4} = \frac{3u^2}{4} \Rightarrow a = \frac{u^2}{24}$

আর s' দূরত্ব অতিক্রম করলে,

$\left(\frac{u}{2}\right)^2 = 2 \times a \times s' \Rightarrow s' = \frac{u^2}{4} \div 2 \times \frac{u^2}{24} = \frac{u^2}{4} \times \frac{12}{u^2} = 3 cm$ (Ans.)

Joykoly Special

বেগ $\frac{1}{n}$ গুণ হলে, $x = \frac{s}{n^2 - 1} = \frac{9}{2^2 - 1} = 3 cm$

বেগ $\frac{1}{n}$ গুণ হারালে, $x = \frac{s(n-1)^2}{2n-1} = \frac{9(2-1)^2}{2 \times 2 - 1} = 3 cm$ (Ans.)

Sample-14: $100 m$ উচ্চতা থেকে একটি বস্তুকে বিনা বাঁধায় পড়তে দিলে ভূমি থেকে কত উচ্চতায় উহার গতিশক্তি বিভবশক্তির তিনগুণ হবে?

Traditional process

মনে করি, h উচ্চতায় গতিশক্তি, বিভবশক্তির তিন গুণ হবে।

তাহলে, h উচ্চতায় গতিশক্তি,

$E_k = \frac{1}{2} mv^2 = \frac{1}{2} m \times 2g(100 - h) = mgh(100 - h)$

\therefore বিভবশক্তি = mgh

প্রশ্নমতে, $mgh(100 - h) = 3mgh \Rightarrow 100 mgh = 4 mgh$

$\therefore h = \frac{100}{4} = 25 m$ (Ans.)

Joykoly Special

$x = \frac{h}{n+1} = \frac{100}{3+1} = 25 m$

Sample-15: পৃথিবী হতে কত উচ্চতায় g এর মান ভূ-পৃষ্ঠে g এর মানের অর্ধেক?

Traditional process

মনে করি, h উচ্চতায় g এর মান অর্ধেক হয়।

g এর মান g' হলে, $g' = \frac{Gm}{(R+h)^2}$; $g = \frac{Gm}{R^2}$;

এখন, $\frac{g'}{g} = \frac{R^2}{(R+h)^2} \Rightarrow \frac{1}{2} = \left(\frac{R}{R+h}\right)^2 \Rightarrow \frac{R}{R+h} = \frac{1}{\sqrt{2}} \Rightarrow R+h = \sqrt{2}R$

$\Rightarrow h = \sqrt{2}R - R = 2.64 \times 10^6 m$ (Ans.)

Joykoly Special

অধিকর্ষজ ত্বরণের মান ভূ-পৃষ্ঠের $\frac{1}{n}$ গুণ হলে,

$h = (\sqrt{n} - 1)R = (\sqrt{2} - 1)R = 2.64 \times 10^6 m$

৬ম অধ্যায় : কাজ, শক্তি ও ক্ষমতা

300 Nm⁻¹ বল ধ্রুবক সম্পন্ন একটি স্প্রিংকে কতটুকু সংকুচিত করলে 1.5 J কাজ করা হবে?

$$\text{Sol. } x = \sqrt{\frac{2w}{k}} = \sqrt{\frac{2 \times 1.5}{300}} = 0.1 \text{ m (Ans.)}$$

একটি ইটের দৈর্ঘ্য 0.24m, প্রস্থ 0.12m এবং উচ্চতা 0.06m। এর ভর 2kg ইটের দৈর্ঘ্যকে আনুভূমিক অবস্থানে হতে উল্লম্ব অবস্থানে রাখতে কৃতকাজ নির্ণয় কর।

$$\text{Sol. } W = \frac{mg(h_2 - h_1)}{2} = \frac{2 \times 9.8(0.24 - 0.06)}{2} = 1.764 \text{ J (Ans.)}$$

একটি রাইফেলের গুলি নির্দিষ্ট পুরুত্বের 1টি তক্তা ভেদ করতে পারে। ঐ রূপ 16টি তক্তা ভেদ করতে হলে বেগ কতগুণ করতে হবে।

$$\text{Sol. বেগের মান} = \sqrt{\text{ভেদকৃত তক্তার সংখ্যা}} = \sqrt{16} = 4 \text{ গুণ (Ans.)}$$

60 m উচ্চতা থেকে একটি বস্তুকে বিনা বাধায় পড়তে দিলে ভূমি থেকে কত উচ্চতায় উহার গতিশক্তি বিভব শক্তির দ্বিগুণ হবে।

$$\text{Sol. } x = \frac{h}{n+1} = \frac{60}{2+1} = 20 \text{ m (Ans.)}$$

৬ষ্ঠ অধ্যায় : মহাকর্ষ ও অভিকর্ষ

পৃথিবী হতে কত উচ্চতায় g-এর মান 4.9ms⁻²? পৃথিবীর ব্যাসার্ধ 6.4 × 10⁶m, অভিকর্ষজ ত্বরণ পৃথিবী পৃষ্ঠে 9.8 ms⁻²

$$\text{Sol. } h = \left(\sqrt{\frac{g}{g_h}} - 1 \right) R, \quad h = 2.65 \times 10^6 \text{ m (Ans.)}$$

ভূ-পৃষ্ঠ থেকে 320 km অভ্যন্তরে অভিকর্ষজ ত্বরণের মান কত? পৃথিবীর ব্যাসার্ধ 6.4 × 10⁶ m [g = 9.8 ms⁻²]

$$\text{Sol. } g' = g \left(1 - \frac{h}{R} \right) = 9.8 \left(1 - \frac{320 \times 1000}{6.4 \times 10^6} \right) = 9.32 \text{ ms}^{-2} \text{ (Ans.)}$$

পৃথিবী পৃষ্ঠ হতে কত উচ্চতায় অভিকর্ষীয় ত্বরণের মান শতকরা একাশিভাগ পৃথিবীর ব্যাসার্ধ 6.38 × 10⁶m

$$\text{Sol. } h = \frac{(10 - \sqrt{81})R}{\sqrt{81}} = \frac{(10 - 9)}{9} \times 6.4 \times 10^6$$

$$= \frac{1}{9} \times 6.4 \times 10^6 = 7.1 \times 10^5 \text{ m (Ans.)}$$

$$\text{অথবা, } h = \left(\sqrt{\frac{g}{g_n}} - 1 \right) R, \quad h = 7.1 \times 10^5 \text{ m (Ans.)}$$

ভূপৃষ্ঠ হতে কত উচ্চতায় অভিকর্ষজ ত্বরণের মান ভূ-পৃষ্ঠের অভিকর্ষজ ত্বরণের মানের $\frac{1}{4}$ অংশ হবে?

$$\text{Sol. } h = (\sqrt{n} - 1)R = (\sqrt{4} - 1)R = R \text{ (Ans.)}$$

$$\text{অথবা, } h = \left(\sqrt{\frac{g}{g_n}} - 1 \right) R, \quad h = R \text{ (Ans.)}$$

৭ম অধ্যায় : পদার্থের গাঠনিক ধর্ম

10m² ক্ষেত্রফল বিশিষ্ট 8mm পুরুত্বের একটি স্টীল প্লেটের নিচের পৃষ্ঠ দুটোভাবে আবদ্ধ রেখে উপরের পৃষ্ঠে কী পরিমাণ স্পর্শ বল প্রয়োগ করলে নিচের পৃষ্ঠ সাপেক্ষে উপরের পৃষ্ঠের আপেক্ষিক সরণ 0.3 mm হবে।

$$[S = 8 \times 10^{10} \text{ N/m}^2]$$

$$\text{Sol. } F = \frac{SAx}{y} = \frac{(8 \times 10^{10} \times 10 \times 0.3 \times 10^{-3})}{(8 \times 10^{-3})} \text{ N} \Rightarrow F = 3 \times 10^{10} \text{ N}$$

2 × 10⁸N/m² চাপে সীসার ঘনত্ব কত হবে। সীসার আয়তন গুণাক 0.8 × 10¹⁰N/m² এবং স্বাভাবিক ঘনত্ব f = 11.4g/cm³

$$\text{Sol. } \rho' = \frac{\beta p}{(\beta - P)} = \frac{0.8 \times 10^{10} \times 11.4 \times 10^3}{(0.8 \times 10^{10} - 2 \times 10^8)} = 11.69 \times 10^3 \text{ kg/m}^3$$

বস্তুর ওজন 0.03 N। বস্তুর উপর ক্রিমারত প্রবতা 0.01 N। বস্তুর উপর ক্রিমারত সান্দ্র বল নির্ণয় কর।

$$\text{Sol. বস্তুর ওজন} = \text{সান্দ্র বল} + \text{প্রবতা}$$

$$\text{সান্দ্র বল} = W - F = (0.03 - 0.01) \text{ N} = 0.02 \text{ N}$$

0°C তাপমাত্রায় পানির পৃষ্ঠটান 74 × 10⁻³ N/m এবং 20°C তাপমাত্রায় পানির পৃষ্ঠটান 72 × 10⁻³ N/m হলে পানির পৃষ্ঠটানের তাপমাত্রা গুণাক নির্ণয় কর।

$$\text{Sol. } \alpha = \frac{T_0 - T}{T_0 t} = \frac{74 \times 10^{-3} - 72 \times 10^{-3}}{74 \times 10^{-3} \times 20 \text{ K}} = 1.35 \times 10^{-3} \text{ K}^{-1} \text{ (Ans.)}$$

৮ম অধ্যায় : পর্যাবৃত্তিক গতি

পৃথিবীর ভর ও ব্যাসার্ধ যথাক্রমে চন্দ্রের ভর ও ব্যাসার্ধের 81 গুণ ও 4 গুণ। চন্দ্র পৃষ্ঠে একটি বস্তু পৃথিবী থেকে নিয়ে যাওয়া সেকেন্ড দোলকের দোলনকাল কত?

$$\text{Sol. } \frac{T_m}{T_c} = \frac{\sqrt{\text{ভরের গুণ}}}{\text{ব্যাসার্ধের গুণ}} \Rightarrow \frac{T_m}{2s} = \frac{\sqrt{81}}{4} = \frac{9}{4}$$

$$T_m = \frac{18}{4} \text{ sec} = 4.5 \text{ sec (Ans.)}$$

একটি সরল দোলকের দোলনকাল 50% বৃদ্ধি করতে এর কার্যকর দৈর্ঘ্য কিরূপ পরিবর্তন করতে হবে।

$$\text{Sol. } L_2 = (1 + 0.01x)^2 L_1 = (1 + 0.5)^2 L_1 = 2.25 L_1 \text{ (Ans.)}$$

সেকেন্ড দোলককে ঠান্ডে নিয়ে গেলে বরের ওজন 25% হ্রাস পেলে দোলনকাল কত?

$$\text{Sol. } T_m = \sqrt{\frac{100}{100-x}} T_c = \sqrt{\frac{100}{100-25}} \times 2 = 2.309 \text{ s (Ans.)}$$

৯ম অধ্যায় : তরঙ্গ

বায়ু ও পানিতে 300 Hz কম্পাঙ্কের একটি শব্দ তরঙ্গ দৈর্ঘ্যের পার্থক্য 4.16 m। বায়ুতে শব্দের বেগ 352 m/s হলে পানিতে শব্দের বেগ নির্ণয় কর।

$$\text{Sol. } v \propto \lambda,$$

$$\therefore \lambda_w - \lambda_a = 4.16$$

$$\Rightarrow \frac{1}{f} (v_w - v_a) = 4.16 \therefore v_w = 1600 \text{ ms}^{-1} \text{ (Ans.)}$$

0.325 m ব্যবধানে অবস্থিত তরঙ্গ দুটি কণার মধ্যকার দশা পার্থক্য 3.14 rad। তরঙ্গ উৎসের কম্পাঙ্ক 512 Hz হলে মাধ্যমের তরঙ্গবেগ নির্ণয় কর।

$$\text{Sol. দশা পার্থক্য} = \frac{2\pi}{\lambda} \times \text{পথ পার্থক্য}$$

$$v = f\lambda = f \times \frac{2\pi}{\text{দশা পার্থক্য}} \times \text{পথ পার্থক্য}$$

$$= 512 \times \frac{2\pi}{3.14} \times 0.325 = 332.8 \text{ ms}^{-1} \text{ (Ans.)}$$

দুটি সদৃশ তার একতানে আছে। 0.36 m দৈর্ঘ্য বিশিষ্ট একটি তার 100 kg ওজন দ্বারা টানা দেওয়া আছে। অপর তারটি 230 kg ওজন দ্বারা টানা দেওয়া থাকলে এর দৈর্ঘ্য বের কর।

$$\text{Sol. } l_2 = l_1 \times \sqrt{\frac{T_1}{T_2}} = 0.36 \times \sqrt{\frac{100 \times 98}{230 \times 98}} = 0.237 \text{ m (Ans.)}$$

দুটি তারের ব্যাসার্ধের অনুপাত ও ঘনত্বের অনুপাত যথাক্রমে 1:2 ও 4:1 হলে তারদ্বয়ের কম্পনে উৎপন্ন বীটের সংখ্যা কত?

$$\text{Sol. } \frac{f_1}{f_2} = \frac{r_1}{r_2} \sqrt{\frac{\rho_1}{\rho_2}} = \frac{1}{2} \times \sqrt{\frac{4}{1}} = 1$$

$$\Rightarrow f_1 = f_2 \quad \therefore \text{বীট} = f_1 - f_2 = 0 \text{ (Ans.)}$$

কত তাপমাত্রায় বায়ুতে শব্দের বেগ 273 K তাপমাত্রার বেগের বিত্ত্ব হবে?

$$\text{Sol. } v \propto \sqrt{T}, T_2 = n^2 \times T_1 = 1092 \text{ K} = 819^\circ\text{C} \text{ (Ans.)}$$

$$\text{অথবা, } T = (n^2 - 1) \times 273 = (2^2 - 1) \times 273 = 819^\circ\text{C}$$

0°C তাপমাত্রায় শব্দের বেগ 332 m/s হলে 30°C তাপমাত্রায় শব্দের বেগ কত?

$$\text{Sol. } v = v_0 \sqrt{1 + \alpha T} = 332 \times \sqrt{1 + \frac{1 \times 30}{273}} = 349.76 \text{ m/s (Ans.)}$$

১০ম অধ্যায় : আদর্শ গ্যাস ও গ্যাসের গতিতত্ত্ব

স্বাভাবিক চাপে কোন হ্রদের তলদেশ থেকে পানির উপরিতলে আসার সময় বাতাসের বুদবুদ আয়তনে 3 গুণ হয়। হ্রদের গভীরতা কত?

$$\text{Sol. } h = \frac{(n-1)p_0}{\rho g} = 20.4$$

$$\text{অথবা, } h = 10.2 \times (n-1) = 10.2 \times 2 = 20.4 \text{ m (Ans.)}$$

স্বাভাবিক চাপে কোন হ্রদের তলদেশ থেকে পানির উপরিতলে আসার সময় বাতাসের বুদবুদ ব্যাস দ্বিগুণ হয়। হ্রদের গভীরতা কত?

$$\text{Sol. } h = 10.2(2^2 - 1) = 71.4 \text{ m}$$

একটি সিলিন্ডারে রক্ষিত অক্সিজেন গ্যাসের আয়তন 1000 cm³ এবং তাপমাত্রা 300 K এবং চাপ 2.5 × 10⁵ N/m²। তাপমাত্রা স্থির রেখে কিয়দ অক্সিজেন বের করে নেয়ার পর চাপ কমে 1.3 × 10⁵ N/m² হয় কী পরিমাণ অক্সিজেন ব্যবহৃত হয়েছে?

$$\text{Sol. ব্যবহৃত মোল সংখ্যা} = \frac{(P_1 - P_2)V}{RT} = \frac{(2.5 - 1.3) \times 10^5 \times 10^3 \times 10^{-6}}{(8.314 \times 300)} = 0.48$$

$$\therefore \text{ব্যবহৃত অক্সিজেন} = 0.48 \times 32 \times 10^{-3} \text{ kg} = 15 \text{ g (Ans.)}$$

একটি বোলা লিটার ফ্লাস্কে 0°C তাপমাত্রায় 1.32 gm বায়ু আছে। 91°C তাপমাত্রায় ইহা হতে কত গ্রাম বায়ু বের হয়ে যাবে।

$$\text{Sol. বহিঃস্থত বায়ুর ভর } \Delta m = m_1 \left(\frac{T_2 - T_1}{T_2} \right) = 1.32 \left(\frac{364 - 273}{364} \right) = 1.32 \times \frac{91}{364} = 0.33 \text{ gm (Ans.)}$$

দ্বিতীয় পত্র

১ম অধ্যায় : তাপগতিবিদ্যা

240 m উঁচু একটি জল প্রপাতের তলদেশ ও শীর্ষদেশের তাপমাত্রার পার্থক্য কত? (যদি পতনশীল পানির সমস্ত শক্তিই তাপে পরিবর্তন হয়)

$$\text{So. এখানে, } H = E_p \Rightarrow ms\Delta\theta = mgh$$

$$\therefore \Delta\theta = \frac{gh}{s} = \frac{9.8 \times 240}{4200} = 0.56^\circ\text{C (Ans.)}$$

একটি সীসার গুলি কত বেগে অনমনীয় লক্ষ্যবস্তুতে আঘাত করলে গুলির তাপমাত্রা 1.12°C বৃদ্ধি পাবে? [সীসার আপেক্ষিক তাপ 30 cal kg⁻¹ এবং J = 4.2 J cal⁻¹]

$$\text{Sol. এখানে, } H = E_k, \frac{1}{2} mv^2 = ms\Delta\theta,$$

$$v = \sqrt{2s\Delta\theta} = 16.8 \text{ ms}^{-1} \text{ (Ans.)}$$

একখন্ড বরফ উপর হতে ভূমিতে পতিত হল। এতে পতনশক্তির 50% তাপে রূপান্তরিত হওয়ায় বরফ খণ্ডটির এক-চতুর্থাংশ গলে গেল। বরফ খণ্ডটি কত উচ্চতা থেকে পতিত হয়েছিল? [বরফ গলনের সুপ্ততাপ 80000 cal kg⁻¹]

$$\text{Sol. } \frac{mgh}{2} = \frac{mL}{4} \Rightarrow h = \frac{L}{2g} = \frac{4.2 \times 80000}{2 \times 9.8} = 17.14 \text{ km (Ans.)}$$

87.23°C এর কোন নির্দিষ্ট পরিমাণ গ্যাস হঠাৎ প্রসারিত করে এর আয়তন দ্বিগুণ করা হলো। চূড়ান্ত তাপমাত্রা হবে?

$$\text{Sol. } T_2 = T_1 \left(\frac{V_1}{V_2} \right)^{\gamma-1} = (87.23 + 273) \times \left(\frac{V}{2V} \right)^{1.4-1} = 273 \text{ K} = 0^\circ\text{C (Ans.)}$$

একটি কার্নো ইঞ্জিনের দক্ষতা 60%। যদি তাপ উৎসের তাপমাত্রা 450 K হয় তবে গ্রাহকের তাপমাত্রা নির্ণয় কর।

$$\text{Sol. } T_2 = T_1(1 - \eta) = 450 \times (1 - 0.6) = 180 \text{ K (Ans.)}$$

একটি কার্নো ইঞ্জিনের কর্মদক্ষতা 40%। এর তাপ গ্রাহকের তাপমাত্রা 7°C। এর উৎসের তাপমাত্রা কত?

$$\text{Sol. } T_1 = \frac{T_2}{1 - \eta} = \frac{273 + 7}{1 - 0.4} = 466.7 \text{ K (Ans.)}$$

২য় অধ্যায় : স্থির তড়িৎ

একটি 1m বাহু বিশিষ্ট বর্গক্ষেত্রের প্রতিটি কোণায় 10 × 10⁻⁹ কুলম্ব আধান স্থাপন করা হল। বর্গক্ষেত্রের কেন্দ্রের বিভব-

$$\text{Sol. বর্গক্ষেত্রের কেন্দ্রের দূরত্ব } d = \frac{\text{বাহুর দৈর্ঘ্য}}{\sqrt{2}} = \frac{1}{\sqrt{2}}$$

$$\therefore V = \frac{1}{4\pi\epsilon_0} \frac{Q}{d} = \frac{1}{4\pi\epsilon_0} \times \frac{4 \times (10 \times 10^{-9})}{\frac{1}{\sqrt{2}}} \text{ (Ans.)}$$

$$\text{অথবা, } \frac{4\sqrt{2}}{a} \times \frac{1}{4\pi\epsilon_0} q = \frac{4\sqrt{2}}{1} \times 9 \times 10^9 \times 10 \times 10^{-9} = 510 \text{ volt (Ans.)}$$

10টি ধারকের প্রত্যেকের ধারকত্ব 100 F এর মধ্যে 5টি সিরিজে অবশিষ্ট 5টি সমান্তরালে। সম্মিলিত ধারকত্ব কত?

$$\text{Sol. } C_p = nC = 500 \text{ F}, C_s = \frac{C}{n} = 20 \text{ F}$$


$$\therefore C_c = (C_s^{-1} + C_p^{-1})^{-1} = 19.23 \text{ F (Ans.)}$$

$$\text{অথবা, } C_c = \frac{C(n-s)}{s(n-s)+1} = \frac{100(10-5)}{5(10-5)+1} = \frac{500}{26} = 19.23 \text{ F (Ans.)}$$

1 × 10⁻⁶ C ও 2 × 10⁻⁶ C চার্জ দুটি পরস্পর হবে 0.18m দূরত্বে অবস্থিত। বিন্দুদ্বয়ের সংযোগ রেখার কোণে প্রাবল্যদ্বয় সমান?

Sol. ১ম চার্জ হতে x দূরত্বে;

$$x = \frac{d}{1 + \sqrt{\frac{q_2}{q_1}}} = \frac{0.18}{1 + \sqrt{\frac{2 \times 10^{-6}}{1 \times 10^{-6}}}} = 0.07 \text{ m (Ans.)}$$



C ও D বিন্দুর মধ্যকার বিভব পার্থক্য কত?

Sol. দ্বি-মেরুর লম্ব দ্বিখণ্ডকের উপর প্রতিটি বিন্দু বিভব শূন্য তাই C ও D প্রত্যেকটির বিভব শূন্য। সুতরাং বিভব পার্থক্য শূন্য।

৩য় অধ্যায় : চল তড়িৎ

একটি পটেনশিওমিটারের সাথে একটি বিচ্ছিন্ন কোষ যুক্ত করায় 6মি. দূরে নিঃস্পন্দ বিন্দু পাওয়া যায়। কোষের দু'প্রান্তের সাথে 10Ω মানের রোধ যোগ করলে 5মি. দূরে নিঃস্পন্দ বিন্দু পাওয়া যায়। কোষের অভ্যন্তরীণ রোধ কত?

Sol. $l_1 = 6, l_2 = 5, R = 10\Omega$

$$r = \left(\frac{l_1}{l_2} - 1 \right) R = \left(\frac{6}{5} - 1 \right) \times 10 = 2\Omega \text{ (Ans.)}$$

15Ω রোধের একটি তারকে তেঁনে ক্রমভাবে লম্বা করা হল যে তারের দৈর্ঘ্য দ্বিগুণ হয় এবং প্রস্থচ্ছেদের ক্ষেত্রফল অর্ধেক হয়। পরিশেষে রোধ কত হবে?

$$\text{Sol. } \frac{R_2}{R_1} = \frac{L_2}{L_1} \times \frac{A_1}{A_2} = \frac{24}{4} \times \frac{2A_2}{A_2} = 4$$

$$\Rightarrow R_2 = 4R_1 = 4 \times 15\Omega = 60\Omega \text{ (Ans.)}$$

r রোধের একটি তারকে তেঁনে তিনগুণ লম্বা করলে, লম্বা করা তারটির রোধ কত হবে?

$$\text{Sol. } r' = \frac{3l}{\frac{l}{3}} = 9r \text{ (Ans.)}$$

একটি লোহার তারের আপেক্ষিক রোধ $10 \times 10^{-3} \Omega\text{m}$ হলে, একে তেঁনে 10 গুণ লম্বা করলে তার আপেক্ষিক রোধ কত হবে?

Sol. আপেক্ষিক রোধের কোন পরিবর্তন হয় না। ইহা সর্বদা একই থাকে।

50Ω রোধের ভিতর দিয়ে 2A প্রবাহ 100sec চালনা করলে 0°C তাপমাত্রার কতটুকু পানির তাপমাত্রা 100°C এ পৌঁছাবে?

$$\text{Sol. } m = \frac{i^2 R t}{S \Delta\theta} = \frac{2^2 \times 50 \times 100}{4200 \times 100} = 0.0476 \text{ kg (Ans.)}$$

কোন বাড়ির মেইন মিটার 10 Amp - 220 volt চিহ্নিত করা আছে। কতগুলো 60 ওয়াটের বাতি এই বাড়িতে নিরাপত্তার সাথে ব্যবহার করতে পারবে-

$$\text{Sol. বাতির সংখ্যা } n = \frac{VI}{P} = \frac{10 \times 220}{60} = 36 \text{ টি (Ans.)}$$

৪র্থ অধ্যায় : তড়িৎ প্রবাহের চৌম্বক ক্রিয়া ও চুম্বকত্ব

$5 \times 10^7 \text{m/s}$ বেগে 0.5T চৌম্বক প্রাবল্যের চৌম্বক ক্ষেত্রের মধ্য দিয়ে অভিলম্বভাবে অগ্রসর-ইলেকট্রনের বৃত্তাকার পথের ব্যাসার্ধ কত?

$$\text{Sol. } r = \frac{mv^2}{qv\beta \sin\theta} = \frac{9.1 \times 10^{-31} \times (5 \times 10^7)^2}{1.6 \times 10^{-19} \times (5 \times 10^7) \times 0.5 \times \sin 90}$$

$$= 0.57 \times 10^{-3} \text{m} = 0.57 \text{mm (Ans.)}$$

2000Ω রোধের একটি গ্যালভানো মিটার 2.0mA তড়িৎপ্রবাহ নিরাপদে বহন করতে পারে। 5A তড়িৎপ্রবাহ মাপার জন্য এ গ্যালভানোমিটারটিকে ব্যবহার করতে হলে কত রোধের সান্ট সংযোগ দিতে হবে?

$$\text{Sol. জ্ঞানি, } S = \frac{G_i}{i - i_g} = \frac{2000 \times 2 \times 10^{-3}}{5 - 2 \times 10^{-3}}$$

$$= 80.032 \times 10^{-3} \Omega = 0.08\Omega \text{ (প্রায়) (Ans.)}$$

একটি ভোল্ট মিটার 15 volt পরিসরে এবং 1000Ω এর ভোল্ট মিটার দ্বারা 60 v পর্যন্ত বিভব পার্থক্য পরিমাপের জন্য কি ব্যবস্থা নিতে হবে।

$$\text{Sol. } R_2 = R_1(n-1) = 1000 \left(\frac{60}{15} - 1 \right)$$

$$= 3000 \Omega \text{ শ্রেণী সমবায় (Ans.)}$$

হাইড্রোজেন পরমাণুর ইলেকট্রনটির কক্ষপথে ঘূর্ণনের জন্য চৌম্বক মোমেন্ট কত?

$$\text{Sol. } \mu = -\frac{eh}{4\pi m}$$

$$= -\frac{1.6 \times 10^{-19} \times 6.63 \times 10^{-34}}{4 \times \pi (9.1 \times 10^{-31})} \text{Am}^2$$

$$= 9.26 \times 10^{-24} \text{Am}^2 \text{ (Ans.)}$$

50 একক মেরু শক্তি বিশিষ্ট একটি চৌম্বক 10 cm মেরু থেকে দূরে চৌম্বক প্রাবল্য কত?

$$\text{Sol. } E = \frac{m}{d^2} = \frac{50}{10^2} = 0.5 \text{ oersted (Ans.)}$$

সমান ভর ও একই আকারের দুটি দণ্ড চুম্বককে কোন এক স্থানে ঝুপিয়ে দিলে এরা একই সময়ে যথাক্রমে 12 ও 15 বার দোলে। এদের চৌম্বক ভ্রামকের অনুপাত নির্ণয় কর।

$$\text{Sol. } \frac{M_1}{M_2} = \frac{T_2^2}{T_1^2} = \left(\frac{1/15}{1/12} \right)^2 = \left(\frac{12}{15} \right)^2 = 16/25$$

$$\therefore M_1:M_2 = 16:25 \text{ (Ans.)}$$

৫ম অধ্যায় : তাড়িতচৌম্বকীয় আবেশ ও পরিবর্তী প্রবাহ

1.1m দীর্ঘ কোন তারকে ক্ষেত্রের সাথে সমকোণে 7m/s বেগে 3.5v বিদ্যুৎচালক বল পাওয়া গেল। তড়িৎ প্রাবল্য কত?

$$\text{Sol. } B = \frac{E}{l \times v} = \frac{3.5}{1.1 \times 7 \sin 90} = 0.455 \text{T (Ans.)}$$

একটি ট্রান্সফরমারের প্রাইমারী ও সেকেন্ডারী তারের অনুপাত 10:1 যদি প্রাইমারীতে 200 volt প্রয়োগ করা হয় তাহলে এখানে বিদ্যুৎপ্রবাহ কত? (ধরি সেকেন্ডারী কুন্ডলীতে 10Ω লাগান আছে)

$$\text{Sol. } I_p = \left(\frac{n_s}{n_p} \right)^2 \frac{E_p}{R_s} = \frac{200 \div (10)^2}{10} = 0.2 \text{ amp (Ans.)}$$

2A বিদ্যুৎ প্রবাহ 400N পাকের একটি কুন্ডলীর মধ্যদিয়ে 10^{-4}wb চৌম্বক ফ্লাক্স সৃষ্টি করে। বিদ্যুৎ প্রবাহের মান যদি 0.08s এ শুনো নিয়ে আসা হয় তবে সঞ্চিত শক্তি কত?

$$\text{Sol. Energy} = \frac{1}{2} \left(N \frac{d\phi}{dt} \right) i^2$$

$$= \frac{1}{2} \times 400 \times \frac{(10^{-4} - 0)}{(2 - 0)} \times 2^2 = 0.04 \text{J (Ans.)}$$

৬ষ্ঠ অধ্যায় : জ্যামিতিক আলোকবিজ্ঞান

হীরকের প্রতিসরাঙ্ক 2.4 এবং বায়ুমাধ্যমের প্রতিসরাঙ্ক 1.33 হলে তাদের মধ্যকার সংকটকোণ কত?

$$\text{Sol. } \theta = \sin^{-1} \left(\frac{\text{ছোট মান}}{\text{বড় মান}} \right) = \sin^{-1} \left(\frac{1.33}{2.4} \right) = 33.66^\circ \text{ (Ans.)}$$

কোন প্রিজমে আলোকরশ্মি 45° কোণে আপতিত হয়ে 45° কোণে বের হয়ে যায়। প্রিজম কোণ 60° হলে ন্যূনতম বিচ্যুতি কোন কত?

$$\text{Sol. } A = I_1 + I_2 - \delta \Rightarrow \delta = \{(45+45)-60\}^\circ = 30^\circ$$

